

16

## প্রাথমিক শিক্ষাকে ৮ বছর করার পরিকল্পনা রয়েছে : শিক্ষামন্ত্রী

ঢাকায় বুধবার ১১ দিনব্যাপী 'দূরশিক্ষণে প্রাথমিক শিক্ষকদের দক্ষতাবৃদ্ধি' শীর্ষক এক আন্তর্জাতিক ওয়ার্কশপ শেষ হয়েছে। কমনওয়েলথ অব লার্নিং, এশীয় উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী এএস-এইকে সাদেক। খবর তথ্য বিবরণীর শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশে সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রায় একলাখ শিক্ষক প্রশিক্ষণবিহীন। দূরশিক্ষণে দ্রুত প্রশিক্ষণ দিয়ে এসব শিক্ষকদের দক্ষতাবৃদ্ধি করা যেতে পারে। তিনি বলেন, বর্তমানে প্রাথমিক শিক্ষাকে পাঁচ বছরের স্থলে আট বছর করার পরিকল্পনা করা হচ্ছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন-পাশা, ইউনেস্কো প্রতিনিধি ডঃ আনসার আলী খান, ওয়ার্কশপ সাংগঠনিক কমিটির আহবায়ক ও বাউবি'র উপ-উপাচার্য ডঃ আর আই শরীফ এবং কমনওয়েলথ অব লার্নিং এর বিশেষজ্ঞ ডঃ মেভিস ক্যালী।

এ ওয়ার্কশপে বাংলাদেশসহ পৃথিবীর পাঁচটি দেশ থেকে ১৮ জন ডেলিগেট অংশগ্রহণ করে। অন্যান্য দেশ হলো চীন, ভারত, ইন্দোনেশিয়া ও পাকিস্তান।